# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 24-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) সংসদের উভয় সভায় কেন্দ্রীয় বাজেট নিয়ে আলোচনা। কেন্দ্রীয় বাজেটে একাংশ রাজ্যের ক্ষেত্রে বৈষম্য হওয়া বলে উত্থাপিত অভিযোগ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের অস্বীকার।

২) ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের রেল ক্ষেত্রের উন্নয়নের জন্য ১০ হাজার ৩৭৬ কোটি টাকা প্রদান করা হয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের প্রকাশ।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নতুন দিল্লিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী, শক্তিমন্ত্রী ও পরিবেশ , বন মন্ত্রীর সঙ্গে বৈঠকে সরকারের গ্রহন করা বিভিন্ন প্রকল্প নিয়ে আলোচনা।

এবং

৪) রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর আজ শিলচরে তিন জেলার শিক্ষা বিভাগের আধিকারিকদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা।

---------------------------------------------------------------------

সংসদের উভয় সভায় আজ ২০২৪-২৫ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয় । লোকসভায় এই আলোচনা আরম্ভ করে কংগ্রেস দলের সাংসদ কুমারী শৈলজা বলেন যে দেশে বেকার সমস্যা বৃদ্ধি পেয়েছে । তিনি কেন্দ্রীয় সরকারের অধীন বিভাগগুলিতে শূণ্য থাকা পদগুলি পূরণ করার ব্যাবস্থা সরকার কেনো গ্রহণ করেনি বলে প্রশ্ন উত্থাপন করেন ।এছাড়া এবারের বাজেটে কৃষক ও শ্রমিকদের প্রয়োজনকে অবজ্ঞা করা হয়েছে বলেও তিনি মন্তব্য করেন । আলোচনায় অংশগ্রহণ করে বিজেপির বিপ্লব কুমার দেব বলেন যে ২০১৪ সালে বিজেপি শাসনে আসার সময় ভারত বিশ্বের অর্থনৈতিকভাবে দূর্বল পাঁচটি দেশের মধ্যে একটি হিসেবে পরিগণিত ছিলো । তিনি বলেন যে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকার অর্থনৈতিক ব্যাবস্থাটি স্বচ্ছ করে তোলার ফলে এবার অর্থনৈতিক সমীক্ষা অনুসারে ২০২৪-২৫ বর্ষে দেশের মোট ঘরোয়া উৎপাদনের বিকাশের হার ৬ দশমিক ৫ থেকে ৭ শতাংশে বৃদ্ধির সম্ভাবনা দেখা দিয়েছে । এছাড়া গতবছরের বাজেটের তুলনায় এবারের বাজেটে ১৮ শতাংশেরও অধিক মূলধনী ব্যায়ের প্রস্তাব দেওয়া হয়েছে বলে তিনি মন্তব্য করেন ।

রাজ্যসভায়ও আজ কেন্দ্রীয় বাজেট সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয় । আলোচনা আরম্ভ করে কংগ্রেস পি চিদাম্বরম বেকার সমস্যা ও মুদ্রাস্ফীতির প্রসংগ উত্থাপন করেন । তিনি কেন্দ্রীয় বাজেটে কর্মসংস্থাপনের সঙ্গে জড়িত প্রেরণাদায়ক প্রকল্প ঘোষণা সম্পর্কেও প্রশ্ন উত্থাপন করেন ।এর বিপরীতে বিজেপির ড.রাধন মোহন দাস আগরওয়াল বিগত ১০ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের সাফল্যগুলিতে আলোকপাত করেন । তিনি বলেন যে কেন্দ্রীয় সরকারের প্রণয়ন করা জন-ধন যোজনা দেশের কোটি কোটি লোককে ব্যাঙ্ক সেবা প্রদান করেছে ।এছাড়া ১৪ কোটিরও অধিক পরিবার নলের মাধ্যমে ঘরে বিশুদ্ধ পানীয় জল লাভ করেছে বলে তিনি উল্লেখ করেন ।

---

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ কেন্দ্রীয় বাজেটে একাংশ রাজ্যের ক্ষেত্রে বৈষম্য হোয়া বলে উত্থাপিত অভিযোগ অস্বীকার করেছেন । রাজ্যসভার

শূন্যকালে  আজ বিরোধী দলগুলির উত্থাপন করা অভিযোগের প্রত্তুতরে তিনি পাল্টা এই অভিযোগ করেন যে বিরোধী শাসিত রাজ্যগুলিকে একেবারেই দেওয়া হয়নি বলে কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধী পক্ষ অবিরতভাবে জনসাধারণকে বোঝাবার প্রয়াস করে যাচ্ছে ।তিনি একথা স্পষ্ট করে দিয়ে বলেন যে প্রতিটি বাজেটে দেশের প্রত্যেকটি রাজ্যের নাম উল্লেখ করার সুবিধা থাকেনা ।কোনো একটি নির্দিষ্ট রাজ্যের নাম বাজেটে উল্লেখ না করাটা এই বোঝায় না যে সেই রাজ্যটিকে কেন্দ্রীয় সরকারের  প্রকল্পগুলিতে অর্ন্তভুক্ত করা হয়নি । আজ সকালে সভায় মিলিত হোয়ার সময় বিরোধী পক্ষের নেতা মল্লিকাজুন খাড়গে বিষয়টি উত্থাপন করে কেন্দ্রীয় বাজেটটিকে সরকারকে রক্ষা করার উপায় হিসেবে ব্যবহার করা হয়েছে বলে অভিযোগ করেন ।বিষয়টি নিয়ে অর্থমন্ত্রীর প্রত্তুতরের পর বিরোধী দলগুলি সভা ত্যাগ করেন ।এর আগে বিরোধী সাংসদদের সভা স্থগিত রাখার বিজ্ঞপ্তী নাকচ করে চেয়ারম্যান জগদীপ ধনখর বলেন যে এধরনের বিজ্ঞপ্তী ব্যতিক্রমী পরিস্থিতিতে গ্রহণ করা হয় ।বিগত ৩৬ বছরের মধ্যে ছবার এধরণের স্থগিতকরণের বিজ্ঞপ্তী গ্রহণ করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

এদিকে লোকসভায় এক ই বিষয় নিয়ে বিরোধী পক্ষ আজ সভা ত্যাগ করে ।আজ সকালে সভার কাজ আরম্ভ হোয়ার সময় কংগ্রেস , সমাজবাদী পার্টি , ডি এম কে , টি এম সি ও অন্যান্য বিরোধী দলগুলির সদস্যরা অন্ধ্রপ্রদেশ ও বিহার ছাড়া অন্যান্য রাজ্যগুলির ক্ষেত্রে বৈষম্য হোয়ার অভিযোগ করে প্রতিবাদ সাব্যস্ত করেন । অধ্যক্ষ ওম বিরলা সভায় বিরোধী পক্ষের এধরণের আচরণের বিরুদ্ধে মত পোষন করে সভার প্রশ্নত্তোরকালের ক্ষেত্রে বাধার সৃষ্টি করার জন্য পরিকল্পিতভাবে করা এই চেষ্টাকে অযুক্তিকর বলে আখ্যা দিয়েছেন ।

---

রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন যে এবারের বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের রেলখন্ডের উন্নয়নের জন্য ১০ হাজার ৩৭৬ কোটি টাকা প্রদান করা হয়েছে । আজ উত্তর-পূর্ব সীমান্ত রেলের প্রবীণ আধিকারিক ও সাংবাদিকদের সঙ্গে কথাবার্তা বলার সময় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন যে উত্তর-পূর্বাঞ্চলে ৭৪

হাজার ৯৭২ কোটি টাকা বিনিয়োগে ১৮ টি রেলওয়ে প্রকল্পের কাজ চলছে । তিনি বলেন যে বিগত ১০ বছরে উত্তর-পূর্বাঞ্চলে ৪৭০ টি রেলওয়ে আন্ডারপাস ও ওভারব্রীজ নির্মাণ সম্পূর্ন হওয়া সহ ৬০ টি স্টেশনের পুনঃসংস্কার করা হয়েছে । কেন্দ্র বর্তমানের পরিকাঠামো উন্নয়নের জন্য পর্যাপ্ত অর্থ মঞ্জুর করেছে বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের সব রেলপথ বৈদ্যুতিকরণ করা হবে । এদিকে রেলের সুরক্ষার বিষয়টি উল্লেখ করে মন্ত্রী বলেন যে এই বিষয়টি সরকারের সর্ব্বোচ্চ অগ্রাধিকারের বিষয় এবং বিগত ১০ বছরে রেল দূর্ঘটনার সংখ্যা ৬০ শতাংশ হ্রাস পেয়েছে ।

-------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট বিচারাধীন মামলাগুলি নিষ্পত্তির জন্য আগামী ২৯ জুলাই থেকে তেসরা আগস্ট পর্যন্ত লোক আদালতের আয়োজন করেছে । সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠার ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । মূখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় নাগরিকদের সর্ব্বোচ্চ আদালতে বিচারাধীন নিজেদের মামলাগুলি নিষ্পত্তির সুবিধা গ্রহণ করার আহ্বান জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সংগে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে মুখ্যমন্ত্রী বিকশিত ভারতের বাজেট প্রদানের জন্য কেন্দ্রীয় মন্ত্রীকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । বেঠকে উভয়ের মধ্যে বহু গুরুত্বপূর্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । এ সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে অর্থমন্ত্রী কেন্দ্রীয় বাজেটে ঘোষনা করা রাজ্যের বন্যা প্রতিরোধে স্থীতিশীল পদক্ষেপ গ্রহণ তথা সবল অর্থনীতি গড়ে তোলার জন্য রাজ্যকে সবধরনের সহযোগীতা করা হবে বলে প্রতিশ্রুতি প্রদান করেন ।এছাড়া রাজ্যে হাইড্রোকার্বন উদ্যোগ থেকে রয়েলটি সম্পর্কিত সব বিষয় শীঘ্র নিষ্পত্তি করা হবে বলে প্রতিশ্রতি দেওয়ার কথা ও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।বৈঠকে মুখ্যমন্ত্রী মুলধনী ব্যয়ের জন্য রাজ্যগুলিকে প্রদান করা বিশেষ সাহায্য প্রকল্পের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে এই প্রকল্পটি অধিক শক্তিশালী করার জন্য পরামর্শ প্রদান করেন ।এদিকে মুখ্যমন্ত্রী ড: শর্মা কেন্দ্রীয় শক্তি,

গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা বিভাগের মন্ত্রী মনোহরলাল খট্টরের সংগে এক বৈঠকে ও মিলিত হন ।বৈঠকে রাজ্যের সব অঞ্চলে বিদ্যুতের চাহিদা পূরণ তথা সুনিশ্চিত করা এবং গ্রাহক , বিতরণ  ও উৎপাদকদের উপকৃত করার মতো শক্তি ক্ষেত্রের সংস্কারের দিকগুলি নিয়ে ও আলোচনা করা হয় ।বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী গৌহাটীর কাছে সেটেলাইট টাউনশিপ স্থাপনের জন্য রাজ্য সরকারের প্রচেষ্টাকে সহযোগীতা করার আশ্বাস প্রদান করেন ।মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় পরিবেশ , বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভুপিন্দর যাদবের সংগে সাক্ষাৎ করে আসাম সরকার রাজ্যে পরিবেশের ভারসাম্য রক্ষা ও বনাঞ্চল বৃদ্ধি করার জন্য গ্রহণ করা বিভিন্ন বিষয়ে অবগত করান ।

---------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু কাছাড় ও হাইলাকান্দি জেলায় দুদিনের সফরসূচী নিয়ে আজ শিলচর এসে পৌঁছেছেন । ড: পেগু আজ শিলচরে জেলা প্রশাসনের কার্যালয়ে আয়োজিত এক বেঠকে বরাক উপত্যকার তিনজেলার শিক্ষা আধিকারিকদের সংগে মিলিত হয়ে এ ক্ষেত্রের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন ।

এদিকে ড: পেগু আগামীকাল সকালে হাইলাকান্দির রবীন্দ্র ভবনে সারা আসাম প্রাথমিক শিক্ষক সম্মিলনীর ৪৪ তম দ্বি বার্ষিক সম্মেলনে যোগ দেবেন । এরপর তিনি শিলচর হয়ে বিমানযোগে গৌহাটী ফিরে যাবেন ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জাতীয় নাগরিক পঞ্জীতে নাম রয়েছে অথচ বায়োমেট্রিকের কারনে যাদের আধার কার্ড হয় নি ,সে সব ব্যাক্তিদের সুবিধা প্রদানের উদ্দেশ্যে আগামীকাল থেকে শিলচর ডাক বাংলোতে আধার কেন্দ্র স্থাপন করা হয়েছে । জেলা প্রশাসন থেকে যাদের জাতীয় নাগরিক পঞ্জিতে নাম থাকার পরও আধার কার্ড হয় নি , তাদেরকে ভোটার পরিচয় পত্র , রেশন কার্ড , প্যান কার্ড , জাতীয় নাগরিক পঞ্জীর এ আর এন নম্বর সহ অন্যান্য প্রয়োজনীয় নথি পত্র নিয়ে আগামীকাল সকাল ১০টা থেকে আধার কার্য্যলয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরন দাবী কমিটির পক্ষ থেকে একটি প্রতিনিধি দল আজ পূর্ত বিভাগের নির্মান শাখার কার্য্যবাহী আধিকারীকের সঙ্গে দেখা করে শিলচর সিভিল হাসপাতালে ৫০ টি আই সি ইউ নির্মানের কাজের অগ্রগতি নিয়ে খোজঁখবর নিয়েছে । কার্য্যবাহী বাস্তুকার ইকবাল আহমেদ চৌধুরী প্রতিনিধি দলকে জানান যে ৫০টি আই সি ইউ নির্মান কাজের বরাত প্রদান করা হয়েছে তবে ওয়ার্ক ওর্ডার এখনো হয় নি । জাইকার অধীনে শিলচর সিভিল হাসপাতালের আধুনিকীকরনের কাজ খুব বেশী অগ্রসর হয় নি বলে শ্রী চৌধুরী জানিয়েছেন । আজকের প্রতিনিধি দলে ছিলেন হিল্লোল ভট্ট াচার্য্য , কমল চক্রবর্তী , হানিফ আহমেদ বড়ভুইয়া প্রমূখ ।

---

বি জে পি নীট ইউ জি পরীক্ষা এবং ২০২৪-২৫ বর্ষের বাজেট নিয়ে প্রশ্ন উত্থাপন করার জন্য বিরোধী দলের কঠোর সমালোচনা করেছে । নতুনদিল্লীতে আজ এক সাংবাদিক সম্মেলনে প্রবীণ বিজেপি নেতা রবিশংকর প্রসাদ বলেন যে নীট পরীক্ষার স্বচ্ছতার ক্ষেত্রে কোনোধরণের আপোষ করা হয়নি  বলে সুপ্রীম কোর্ট স্পষ্ট রায়দান করা সত্বেও বিরোধী দলগুলি দেশবাসীকে বিপথে পরিচালিত করার চেষ্টা করে আসছে । পরীক্ষায় অনিয়ম হয়েছে বলে জানা মাত্রই সরকার ব্যাবস্থা গ্রহণ করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এক্ষেত্রে তাৎক্ষণিকভাবে সি বি আই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছিলো ।

---